



STEPPING STONE SCHOOL (HIGH)

Worksheet-20

Class- III

Subject- 2nd language Bengali

Topic- Grammar

Date- 15/06/20

Time limit- 30 minutes

আজকের বিষয়- লিঙ্গ

আজ তোমরা পড়বে লিঙ্গ কাকে বলে, লিঙ্গ কয় প্রকার ও কি কি এবং তাদের সংজ্ঞা ও উদাহরণ। এছাড়াও পড়বে উদাহরণসহ লিঙ্গ পরবর্ত্তন অর্থাৎ পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গে রূপান্তর। পড়ার পর একটি পৃষ্ঠায় লিখে অভ্যাস করবে এবং পৃষ্ঠাটি যত্ন করে ফাইলে রেখে দেবে।

৭

অধ্যায়

লিঙ্গ

সুপ্রিয় তার খাতায় লিখে রেখেছে— আমি একজন ছাত্রী। তা দেখে ছেলেমেয়েরা হাসাহাসি করছে। শিক্ষক মহাশয় ক্লাসে এসে ওদের হাসির কারণ জিজ্ঞাসা করলেন। তখন ওরা সুপ্রিয়র খাতাটা স্যারকে দেখাল। স্যারও লেখাটা দেখে না হেসে পারলেন না। তিনি বললেন— সুপ্রিয় নামটা দেখেই তো বোঝা যায় ছেলে না মেয়ে। যদি তোমার নাম সুপ্রিয়া হত, তাহলে তোমার লেখাটা ঠিক ছিল। যেহেতু তুমি ছেলে তাই লিখতে হবে— আমি একজন ছাত্র। এর নামই তো লিঙ্গ।

শব্দের যে চিহ্ন দেখে পুরুষ, স্ত্রী অথবা পুরুষ-স্ত্রী বাদে অন্য কোনো জিনিস চেনা যায় তাকে লিঙ্গ বলে।

এরপর তিনি একটা ছবির চার্ট বোর্ডে টাঙিয়ে দিলেন—



বালক



বালিকা



শিশু



পাহাড়

প্রথম ছবিতে একজন বালককে দেখানো হয়েছে। 'বালক' বলতে একজন পুরুষকে বোঝায়। দ্বিতীয় ছবিতে একজন বালিকাকে দেখানো হয়েছে। বালিকা বলতে একজন স্ত্রীলোককে বোঝায়। 'শিশু' বলতে পুরুষ-স্ত্রী উভয়কেই বোঝায়। আর 'পাহাড়' বলতে এদের কোনো কিছুকেই বোঝায় না। পাহাড় হল একটি অচেতন বস্তু।

ছবির পরিচয় অনুসারে, লিঙ্গ চার প্রকার— পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, উভয় লিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

লিঙ্গ

পুংলিঙ্গ

স্ত্রীলিঙ্গ

উভয় লিঙ্গ

ক্লীবলিঙ্গ

পুংলিঙ্গ : শব্দের যে চিহ্নের দ্বারা পুরুষ জাতীয় কোনো কিছুকে বোঝায় তাকে পুংলিঙ্গ বলে।

যেমন—বাবা, ছেলে, শিক্ষক, ছাত্র, রাজা, সাহেব, চাকর, বাঘ, সিংহ, মামা, কাকা, ভাই ইত্যাদি।

স্ত্রীলিঙ্গ : শব্দের যে চিহ্নের দ্বারা স্ত্রী জাতীয় কোনো কিছুকে বোঝায় তাকে স্ত্রীলিঙ্গ বলে।

যেমন—মা, মেয়ে, শিক্ষিকা, ছাত্রী, রানি, মেম, ঝি, বাঘিনি, সিংহী, মামি, কাকি, বোন ইত্যাদি।

উভয় লিঙ্গ : শব্দের যে চিহ্নের দ্বারা পুরুষ-স্ত্রী উভয় শ্রেণিকেই বোঝায়, তাকে উভয় লিঙ্গ বলে।

যেমন—শিশু, সন্তান, মন্ত্রী, কবি, রাষ্ট্রপতি প্রভৃতি।

ক্লীবলিঙ্গ : শব্দের যে চিহ্নের দ্বারা পুরুষ-স্ত্রী কাউকে না বুঝিয়ে অচেতন কোনো বস্তুকে বোঝায় তাকে ক্লীবলিঙ্গ বলে।

যেমন—সাইকেল, রাস্তা, আকাশ, বাতাস, জল, মাঠ, বৃষ্টি প্রভৃতি।

লিঙ্গ পরিবর্তন : লিঙ্গ পরিবর্তন বলতে পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গে এবং স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গে রূপান্তরকে বোঝায়। নীচের উদাহরণগুলি লক্ষ্য করো—

১. পুংলিঙ্গবাচক শব্দের শেষে 'আ' যোগ করে স্ত্রী লিঙ্গ শব্দ করা হয়—

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
চপল	চপলা	চতুর	চতুরা
কোকিল	কোকিলা	অচল	অচলা
চঞ্চল	চঞ্চলা	প্রবীণ	প্রবীণা
নবীন	নবীনা	তনয়	তনয়া
মহাশয়	মহাশয়া	শিষ্য	শিষ্যা
সরল	সরলা	বৃদ্ধ	বৃদ্ধা